53

আজকের কাগজ

তারিখ ... 10 AUG 1995 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৮ ...

# বেসরকারি স্কুলগুলো ভালো করেছে

সুমন ইসলাম ঃ গতকাল একযোগে প্রকাশিত হয়েছে কুমিল্লা এবং রাজশাহী বোর্ডের ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল। দু'টি বোর্ড আলাদাভাবে তাদের ফলাফল ঘোষণা করেছে। সম্মিলিত মেধা তালিকা পর্যালোচনা করে দেখা গেছে, উভয় বোর্ডেই বেসরকারি স্কুলগুলো অত্যান্ত ভালো ফলাফল করেছে। সরকারি স্কুলগুলো সে তুলনায় খারাপ এবং ক্যাডেট কলেজগুলো শোচনীয় ফলাফল করেছে।

কুমিল্লা বোর্ডে সাধারণ বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ৪৭ জনের নাম এসেছে। এ বিভাগে সবচেয়ে ভাল করেছে কুমিল্লা জেলা স্কুল। তারা ১ম, ৯ম এবং ১২তম স্থানসহ মোট ৬টি স্থান দখল করেছে। সিলেট ক্যাডেট কলেজ ও ৩য়, ৮ম এবং ৯ম স্থানসহ ৬টি স্থান পেয়েছে। তাছাড়া কলেজিয়েট স্কুল, (চট্টগ্রাম) ২য়, ৫ম ও ৭ম স্থানসহ ৫টি, নাসিরাবাদ সরকারি হাই স্কুল ৩টি, চট্টগ্রাম পাবলিক স্কুল এন্ড কলেজ ৩টি ও অন্যান্য স্কুলগুলো দু' একটি করে স্থান পেয়েছে। এ বিভাগে মেধা তালিকায় সুযোগ পাওয়া ৪৭ জনের মধ্যে সরকারি স্কুলগুলোর ১২ জন, ক্যাডেট কলেজগুলোর ৮জন এবং বেসরকারি স্কুলগুলোর ২৭ জন ছাত্র ছাত্রী রয়েছে।

অন্যদিকে সমাজ বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ১ম থেকে ২০তম স্থান অধিকার করেছে ৪৪ জন ছাত্রছাত্রী। এখানে ১ম স্থান দখল করেছে বকশী শাহ হাই স্কুল। যদিও সবচে' বেশি অর্থাৎ ৫টি স্থান পেয়েছে ফৌজদার হাট ক্যাডেট কলেজ। এছাড়া ইস্পাহানি পাবলিক হাইস্কুল ২য়, ৩য় ও ৫ম এই ৩টি, সরকারি মুসলীম হাইস্কুল, (চট্টগ্রাম) ৩টি, সিলেট ক্যাডেট কলেজ ২টি, কুমিল্লা জেলা স্কুল ২টি ও অন্যান্য স্কুল ২/১টি করে স্থান দখল করেছে। এ বিভাগেও বেসরকারি স্কুলগুলো ভালো ফলাফল করেছে। তারা মোট ২৬টি স্থান পেয়েছে। সরকারি স্কুলগুলো পেয়েছে ১১টি এবং ক্যাডেট কলেজগুলো পেয়েছে ৭টি স্থান।

রাজশহী বোর্ডে সাধারণ বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ১ম স্থান দখল করেছে দিনাজপুর জেলা স্কুল। তারা মোট ৬টি স্থান পেয়েছে। এনিয়ে তারা পরপর দু'বছর ১ম স্থান দখল করলো। যদিও রাজশাহী সরকারি ল্যাবরেটরী ২য়, ৭ম ও ১০ম স্থানসহ ৯টি এবং পাবনা ক্যাডেট কলেজ ৮ম ও ১২ সহ ৯টি স্থান দখল করেছে। এছাড়া সরকারি পিএন:গার্লস হাইস্কুল ৫টি, ইক্ষুগবেষণা হাইস্কুল (ঈশ্বরদী) ৪টি, রংপুর ক্যাডেট কলেজ ৪টি, বগুড়া সরকারি গার্লস হাইস্কুল ৪টি, রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এণ্ড কলেজ ৩টি এবং অন্যান্য স্কুলগুলো ২/১ টি করে স্থান পেয়েছে। এ বিভাগে ১ম থেকে ২০ তম স্থান দখল করেছে ৭১ জন ছাত্রছাত্রী